

যশোরে মাধ্যমিকের শিক্ষার্থীরা এখনো সব বই পায়নি

যশোর প্রতিনিধি

নতুন শিক্ষাবর্ষের তিন মাস পার হতে চললেও যশোরে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা এখনো সব বই পায়নি। এর ফলে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। কটন ক্রটির কারণে এ সমস্যা হয়েছে বলে শিক্ষা সন্ত্রিষ্টরা জানান।

সরকার বছরের শুরুতে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিতে ১ জনারি দেশব্যাপী বই উৎসব পালন করে। কিন্তু তিন মাস পার হতে চললেও সব বই বিতরণ করা হয়নি।

যশোর ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের প্রধান শিক্ষক মোহাম্মদ সালাউদ্দিন জানান, এ স্কুলের ৬ষ্ঠ শ্রেণির ৮০ এবং ৭ম শ্রেণির আরো ৮০ শিক্ষার্থীকে গাইদ্যা অফিসের বই দেয়া হয়নি। এক্সকর্ড বিজ্ঞান বিভাগের কিছু ছাত্রছাত্রীর সব বই দেয়া সত্ত্বব হয়নি।

যশোর উপজেলার বাঘশা ফায়সল ইসলামী ইন্সটিটিউটের প্রধান শিক্ষক আছফাকুল গাজী জানান, ডর বিদ্যালয়ের ৭ম শ্রেণির তথ্য ও প্রযুক্তি বিষয়ের বইটি এখনো পাননি। তাজুজাও চাইন মোতাবেক বই না পড়ায় বেশকিছু ছাত্রছাত্রীকে এখনো সব বই দেয়া সত্ত্বব হয়নি। একই অভিযোগ পূর্বেরহাট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের।

জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন জানান, মাধ্যমিক জরের বই সরাসরি মাধ্যমিক শিক্ষা অফিসরদের কাছে চলে আসে। ফলে তিনি বিষয়টি জেনেন না। তাকে জানানো হলে সমাধানের উদ্যোগ নেবেন।

সদর উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার এম কামরুজ্জামান আহাঙ্গীর জানান, কোনো কোনো উপজেলায় বেশি বই চলে যাওয়া এ সত্ত্বট কঠি হয়েছে। অতিরিক্ত বই ফেরত এনে বিতরণের চেষ্টা চলছে।